

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪৯

२. यन गंलाता সूि छे छे अत्म भाला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ কোন মানুষের উপর আল্লাহর ভয় প্রবল থাকলে, কিয়ামতের দিন তার নাজাত আশা করা যায়- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ خَوْفَ اللَّهِ جَلَّ وَعَلَا إِذَا غَلَبَ عَلَى الْمَرْءِ قَدْ يُرجى لَهُ النَّجَاةُ فِي الْقِيَامَةِ

আরবী

649 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا صَالِحُ بْنُ حَاتِم بْنِ وَرْدَانَ حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَبِي يُحَدِّثُ عَنْ قَتَادَةَ عَنْ عُقْبَةَ بْنِ عَبْدِ الْغَافِرِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَانَ رَجُلٌ فِيمَنْ كَانَ قَبْلُكُمْ لَمْ يَبْتَرُ عِنْدَ اللَّهِ خَيْرًا قَطُّ قَالَ لِبَنِيهِ عِنْدَ الْمُوْتِ: يَا بَنِيَّ أَيَّ أَبٍ كُنْتُ لَكُمْ؛ قَالُوا: خَيْرَ أَبٍ يَبْتَرُ عِنْدَ اللَّهِ خَيْرًا قَطُّ قَالَ لِبَنِيهِ عِنْدَ الْمُوْتِ: يَا بَنِيَّ أَيَّ أَبِ كُنْتُ لَكُمْ؛ قَالُوا: خَيْرً أَبٍ قَالَ: فَمَاتَ فَقُعل بِهِ ذَلِكَ فَقَالَ لَهُ: كُنْ فَكَانَ كَأَسْرَعِ مِنْ طَرْفَةِ الْعَيْنِ فَقَالَ اللَّهُ: يَا عَبْدِي مَا فَمَاتَ فَقُعل بِهِ ذَلِكَ فَقَالَ لَهُ: كُنْ فَكَانَ كَأَسْرَعِ مِنْ طَرْفَةِ الْعَيْنِ فَقَالَ اللَّهُ: يَا عَبْدِي مَا فَمَاتَ فَقُعل بِهِ ذَلِكَ فَقَالَ لَهُ: كُنْ فَكَانَ كَأَسْرَعِ مِنْ طَرْفَةِ الْعَيْنِ فَقَالَ اللَّهُ: يَا عَبْدِي مَا خَمَلَكَ عَلَى مَا فَعُلْتَ؟ فَقَالَ: مَخَافَتُكَ أَيْ رُبِّ قَالَ: فَمَا تَلافَاهُ أَنْ غُفِرَ لَهُ وَقَالَ الْمُعْتَمِرُ: قَالَ أَبِي: فَحَدَّثُتُ مُنَ قَالَ: مَخَافَتُكَ أَيْ رُبِّ قَالَ: فَمَا تَلافَاهُ أَنْ غُفِرَ لَهُ وَلَى اللَّهُ مِنْ طَرْفَةٍ الْعَيْنِ فِقَالَ الْمُعَلِيقِ البِحِي عَلَى مَا فَعُلْ الْمُعْتَمِرُ: قَالَ أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان المحدث: صحيح.

বাংলা

৬৪৯. আবু সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমাদের পূর্ববর্তী যুগে একজন ব্যক্তি ছিলেন, আল্লাহর কাছে তিনি কখনই ভাল কিছু করেনি। মৃত্যুর সময় তিনি তার সন্তানদের বলেন: "আমি তোমাদের কাছে বাবা হিসেবে কেমন ছিলাম ?" তারা জবাব দিলেন: "উত্তম



বাবা।" অতঃপর তিনি বললেন: "যখন আমি মারা যাবো, তখন তোমরা আমাকে পুড়িয়ে চূর্ণ-বিচূর্ণ করবে, তারপর যখন প্রবল বাতাসের দিন হবে, তখন আমাকে বাতাসে উড়িয়ে দিবে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "অতঃপর সে লোক মারা গেলে, তার সাথে তাই করা হয়।" আল্লাহ তা'আলা তাকে বলেন, "তুমি হয়ে যাও" তখনই সে চোখের পলকের চেয়েও দ্রুত মানুষ হয়ে যায়। মহান আল্লাহ তাকে বলেন: "হে আমার বান্দা, এমন কাজ করতে তোমাকে কিসে উদ্বুদ্ধ করেছে?" জবাবে সে বলে: "হে আমার প্রতিপালক, আপনার ভয়।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "অতঃপর আল্লাহ তাকে এই প্রতিদান দিলেন যে, তাকে ক্ষমা করে দেওয়া হয়।"[1]

মু'তামির বলেন: "আমার বাবা বলেছেন, "আমি হাদীসটি আবু উসমান আন নাহদীকে বর্ণনা করলে তিনি বলেন, "আমাকে সুলাইমান এভাবে হাদীস বর্ণনা করেছেন, সেখানে তিনি একটু বেশি বলেছেন যে, "তোমরা আমাকে সাগরে উড়িয়ে দিবে"।"

ফুটনোট

[1] তাহাবী, মুশকিলুল আসার: ৫৫৯; সহীহ আল বুখারী: ৬৪৮১; সহীহ মুসলিম: ২৭৫৭; মুয়ান্তা ইমাম মালেক: ১/২৪০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৮৩; দারেমী: ২/৩৩০।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০৪৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন